

# পূর্ণাঙ্গ কমিটি গঠন নিয়ে ছাত্রদলে টানা পোড়েন

ছাত্রলীগের আহ্বান

ছাত্রদের পূর্ণাঙ্গ কেন্দ্রীয় কমিটি গঠন প্রক্রিয়া নিয়ে নতুন সংকটের সৃষ্টি হয়েছে। বঙ্গবন্ধু প্রথম দিনে গঠিত আংশিক কমিটি হবে নাগান পূর্ণাঙ্গ হবে তা এখনও অনিশ্চিত। তবে শীর্ষ নেতৃবৃন্দ বঙ্গবন্ধু পূর্ণাঙ্গ কমিটি শিগগির ঘোষণা করা হবে। অন্যদিকে নতুন সংকটের কারণে পদপ্রত্যাহার নেতাকর্মীরা উত্তর-উৎকর্ষায় দিন কাটাচ্ছেন। কাঙ্ক্ষিত পদ নিশ্চিত করতে চলেছে নানা তদবিস। সংগঠন সূত্র জাননা ছাত্রদের পূর্ণাঙ্গ কেন্দ্রীয় কমিটি গঠনের ওপর ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা কমিটি পূর্ণাঙ্গকরণ এবং হল পর্যায়ের কমিটি গঠন নির্ভর

করবে। তবে কেন্দ্রীয় কমিটি ৫১, ৮১, ১০১ নম্বর ১৫১ সদস্যের হবে তা নিয়ে মতপার্থক্য দেখা দিয়েছে। ছাত্রলীগের সর্বশেষ সংশোধিত গঠনতন্ত্রে ১৫১ সদস্যের কেন্দ্রীয় কমিটি গঠনের বিধান রয়েছে। নবনির্বাচিত নেতৃবৃন্দ ছাত্রদল পূর্ণাঙ্গকরণে দায়িত্ব নিয়োজিত বিএনপি নেতৃবৃন্দের কাছে ১৫১ সদস্যের একটি বঙ্গভা কমিটির প্রস্তাব পাঠায়। সে প্রস্তাবে বিগত দিনের বিভিন্ন সময়ে সংগঠন বিরোধী কাজের সঙ্গে জড়িত কয়েকজন নেতাকর্মীর নামও থান পেয়েছিল বলে জানা গেছে। কিন্তু বিএনপি নেতৃবৃন্দ চাইছেন জোট কমিটি। তারা কেন্দ্রীয় কমিটিতে ৮১ বা সর্বোচ্চ ১০১ সদস্যের মধ্যে সীমাবদ্ধ ছাত্রদল : পৃষ্ঠা : ২ কলাম : ৮

**কামাত**  
(৩য় পৃষ্ঠার পর) রাখতে ইচ্ছুক। গঠনতন্ত্র অনুসরণ করে এবার কাউকে একাধিক পদে দায়িত্ব দেয়া হবে না। তবে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং ঢাকা মহানগর উত্তর ও দক্ষিণের সভাপতি ও সাধারণ সম্পাদককে সম্মানী দায়িত্ব হিসেবে কেন্দ্রীয় কমিটিতে রাখা হবে। একেই সভাপতিদের যুগ্ম সম্পাদক এবং সাধারণ সম্পাদকদের সহ-সাধারণ সম্পাদকের পদ দেয়া হতে পারে। কিন্তু কমিটির আকার ছোট করার বিপাকে পড়েছেন কেন্দ্রীয় নেতৃবৃন্দ। বিশ্ববিদ্যালয় শাখার ৮১ এবং ২১ শাখার ৫১ সদস্যের কমিটি গঠিত হবে। গত ১ জানুয়ারি ছাত্রদলের প্রতিষ্ঠাবার্ষিকীতে পাঁচ সদস্যের কেন্দ্রীয় কমিটি ঘোষণা করা হয়। সভাপতি সাহাবুদ্দিন লাটু ও সাধারণ সম্পাদক আজিজুল হারী হেলাল হাড়া শফিউল বারী বাবুকে সাংগঠনিক সম্পাদক, সুলতান সালাহ উদ্দিন টুকুকে সিনিয়র সহসভাপতি এবং সেলিমুজ্জামান সেলিমকে যুগ্ম সম্পাদক করা হয়। মঠ পর্যায়ের নেতাকর্মীদের দাবি, ছাত্রদলের কেন্দ্রীয় কমিটিতে ত্যাগী ও যোগ্য নেতাকর্মীদের যেন সঠিকভাবে মূল্যায়ন করা হয়। জনৈকি আশংকা প্রকাশ করেছেন একটি গ্রুপের সদস্য হওয়ার সুবাদে একদল নেতাকর্মী পদ কটনের ক্ষেত্রে অস্বাভাবিক পথে পারেন। এ ব্যাপারে ছাত্রদল সভাপতি সাহাবুদ্দিন লাটু'র সঙ্গে যোগাযোগ করা হলে তিনি জানান, এ মাসের মধ্যেই কেন্দ্রীয় কমিটি গঠিত হতে পারে। আর ত্যাগী ও যোগ্য নেতাকর্মীরাই সঠিকভাবে মূল্যায়িত হবেন।